# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৯৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. তৃতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

### আরবী

عَنْ نَافِعٍ قَالَ: سَمِعْتُ ابْنَ عُمَرَ يَقُولُ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُقِيمَ الرَّجُلُ الرَّجُلَ مِنْ مَقْعَدِهِ وَيَجْلِسَ فِيهِ. قِيلَ لِنَافِعٍ: فِي الْجُمُعَةِ قَالَ: فِي الْجُمُعَة وَغَيرهَا

### বাংলা

১৩৯৫-[১৫] নাফি’ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ)-কে বলতে শুনেছি, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সালাতের সময়) কাউকে অপরজনকে তার স্থান হতে উঠিয়ে দিয়ে নিজে সেখানে বসতে নিষেধ করেছেন। নাফি’কে জিজ্ঞেস করা হলো, এটা কি শুধু জুমু’আর সালাতের জন্য। উত্তরে তিনি বললেন, জুমু’আর সালাত (সালাত/নামায/নামাজ) ও অন্যান্য সালাতেও। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৯১১, মুসলিম ২১৭৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: নাফি' (রহঃ) ছিলেন ইবনু ‘উমার (রাঃ)-এর দাস, তিনি ইবনু ‘উমার (রাঃ) হতে হাদীস বর্ণনা করেন। ইবনু জুরায়জ নাফি (রহঃ)-কে জুমু‘আর একজনের স্থানে অন্যজনের বসার ব্যাপারে জিজ্ঞেস সরে বললেন যে, এ নিষেধাজ্ঞাটা কি শুধু জুম‘আর জন্যই প্রযোজ্য নাকি তা অন্যান্য দিনের সালাতের স্থানগুলোর ক্ষেত্রে প্রযোজ্য? জবাবে তিনি বললেন তা অন্যান্য দিনের সালাতের ক্ষেত্রেও প্রযোজ্য। তবে জুমু‘আর দিনের সাথে নির্দিষ্ট করণের বর্ণনাও রয়েছে জাবির (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে।

আর এ ব্যাপারে আলোচনা অতিবাহিত হয়েছে এবং ইমাম বুখারী (রহঃ) ইবনু ‘উমার (রাঃ) মুত্বলাক্ব হাদীসের উপর অধ্যায় বেঁধেছেন,

بَابُ لَا يُقِيْمُ الرَّجُلُ أَخَاهُ يَوْمَ الْجُمُعَةِ وَيَقْعُدُ فِىْ مَكَانِه

অর্থাৎ এটি অধ্যায় হলো কোন লোক তার ভাইকে উঠিয়ে দিয়ে উক্ত স্থানে বসবে না এবং উল্লেখিত ‘আম হাদীসের উপর ভিত্তি করে ইবনু জুরায়জ-এর জবাবে নাফি' জুমু‘আহ্ সম্পর্কে দলীল পেশ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন